UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref: ***Date:*** *১১ এপ্রিল ২০১১*

প্রেস বিজ্ঞপ্তি

সাজেকে সন্তু গ্রুপ কর্তৃক দু' ব্যক্তি অপহৃত, মুক্তি দাবি

আজ ১১ এপ্রিল ভোররাত আনুমানিক পৌনে ৫টার সময় সন্তু গ্রুপের সশস্ত্র সদস্যরা রাঙামাটি জেলার সাজেক থেকে দুই নিরীহ গ্রামবাসীকে অপহরণ করেছে। অপহৃতরা হলেন দশ নম্বর গ্রামের বিক্রম চাকমা (২৯) পিতা চেরেপুক্কো চাকমা ও শিজক ছড়া গ্রামের প্রদীপ চাকমা (৪০) পিতা রমনী মোহন চাকমা। এর মধ্যে বিক্রম চাকমা কাজে যাবার উদ্দেশ্যে বাড়ি থেকে বের হলে রাস্তা থেকে সন্তু গ্রুপের সশস্ত্র সদস্যরা তাকে চোখ বেঁধে অপহরণ করে নিয়ে যায়। অপরদিকে, প্রদীপ চাকমাকে তার বাড়ি থেকে অপহরণ করা হয়। সন্তু গ্রুপের ১০ - ১২ জন সশস্ত্র সন্ত্রাসী শিজক দজর থেকে এসে এ অপহরণের ঘটনা ঘটিয়েছে।

সাজেক নারী সমাজের সভাপতি অম্পিকা চাকমা ও ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি জেলা শাখার প্রধান সংগঠক শান্তিদেব চাকমা এক যুক্ত বিবৃতিতে উক্ত অপহরণ ঘটনাকে ন্যাক্কারজনক অভিহিত করে তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান।

নেতৃবৃন্দ অবিলম্বে অপহৃতদের মুক্তি দাবি করে বলেন, খুন, অপহরণ, গুম ও সন্ত্রাস করে পার্বত্য চট্টগ্রামের জনগণের আন্দোলনকে কখনোই স্তব্ধ করা যাবে না। তারা সন্তু লারমাকে আঞ্চলিক পরিষদ থেকে অপসারণসহ তার নেতৃত্বে পরিচালিত সশস্ত্র সন্ত্রাসী গ্রুপটির বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সরকারের প্রতি আহ্বান জানান।

বার্তা প্রেরক

সোনামনি চাকমা
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউপিডিএফ, রাঙামাটি ইউনিট